# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**04 SEPTEMBER 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

১) লখিমপুরে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার উপস্থিতিতে রাজ্য সরকারের ক্যাবিনেট বৈঠক সম্পন্ন।

২) কেন্দ্র, ত্রিপুরা সরকার, ন্যাশনাল লিবারেশন ফ্রন্ট অব ত্রিপুরা ( এন এল এফ টি) এবং অল ত্রিপুরা টাইগার ফোর্স ( এটিটিএফ) এর মধ্যে নতুন দিল্লিতে আজ একটি শান্তি চুক্তি স্বাক্ষরিত।

এবং

৩) আগামীকাল শিক্ষক দিবস উপলক্ষে রাজ্যের উচ্চ শিক্ষা এবং বিদ্যালয় শিক্ষা বিভাগের উদ্যোগে ডিব্রুগড় বিশ্ববিদ্যালয়ে শিক্ষক দিবসের কেন্দ্রীয় অনুষ্ঠানের আয়োজন।

---------------------------------------------------------------------------------

লখিমপুরে আজ রাজ্য সরকারের কেবিনেট বৈঠক অনুষ্ঠিত হয়েছে। বৈঠকে বেশ কিছু গুরুত্বপূর্ন বিষয় নিয়ে আলোচনা করা হয়েছে ।চারদিনের সফরসূচী নিয়ে ৫ টি জেলায় যাওয়ার উদ্দেশ্যে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা গতকাল বিকেলে লখিমপুরে পৌছেঁছেন । কেবিনেট বৈঠকের আগে মুখ্যমন্ত্রী লখিমপুর জেলার সাবতিতে নির্মীয়মান আন্ত রাজ্য বাস ষ্টেশন পরিদর্শন করে কাজের খোঁজ নেন ।২২ বিঘা জমিতে নির্মীয়মান এই প্রকল্পটি সম্পূর্ন হয়ে উঠলে অরুণাচল প্রদেশ সহ রাজ্যের অন্যান্য জেলায় যাতায়াতের

ক্ষেত্রে অন্য এক সংযোজন হবে ।মুখ্যমন্ত্রী কাজের অগ্রগতির তদারকি করে নির্ধারিত সময়ে কাজ সম্পূর্ন করতে বিভাগীয় আধিকারিকদের নির্দেশ দেন ।এই প্রকল্পটি ২০২৫ সালের আগষ্ট মাসে কার্যক্ষম হবে ।

---------------------------------------------------------------------------------------------

কেন্দ্র , ত্রিপুরা সরকার , ন্যাশনেল লিবারেশন ফ্রন্ট অফ ত্রিপুরা , এন এল এফ টি ও অল ত্রিপুরা টাইগার ফোর্স এ টি টি এফের মধ্যে নতুনদিল্লীতে আজ একটি শান্তি চুক্তি সাক্ষরিত হয় । চুক্তি সাক্ষরের সময় কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ , ত্রিপুরার মুখ্যমন্ত্রী মানিক সাহা , স্বরাষ্ট্র মন্ত্রনালয় ও ত্রিপুরা সরকারের শীর্ষ আধিকারিকরা উপস্থিত ছিলেন ।অনুষ্ঠানে ভাষন প্রসংগে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী এন এল এফ টি ও এ টি টি এফের মতো সংগঠন অস্ত্র সংবরণ করে সমাজের মূল স্রতে ফিরে আসা সহ রাজ্যের উন্নয়নের জন্য প্রতিশ্রুতিবদ্ধ হোয়াটা আনন্দের বিষয় বলে মন্তব্য করেন ।তিনি বলেন যে নরেন্দ্র মোদী প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্বভার গ্রহণ করার পর উত্তরপূর্বাঞ্চলকে শান্তি ও আলোচনার মাধ্যমে দেশের মধ্যে বিকশিত অঞ্চল হিসেবে গড়ে তুলেছেন ।কেন্দ্রীয় সরকার উত্তরপূর্বে শান্তি প্রতিষ্ঠার জন্য ১২ টি গুরুত্বপূর্ন চুক্তিতে সাক্ষর করেছে ও এর মধ্যে তিনটি ত্রিপুরার সংগে সম্পাদিত হয়েছে বলে তিনি মন্তব্য করেন ।

---------------------------------------------------------------------------------------------

কেন্দ্র সরকার নাগাল্যান্ডের উগ্রপন্থী সংগঠন ন্যাশনেল সোসিয়েলিস্ট কাউন্সিল অব নাগাল্যান্ড ( এন এস সি এন) খাপলাং গোষ্ঠির সঙ্গে অস্ত্র সংবরণ চুক্তির মেয়াদ আরো এক বছরের জন্য বৃদ্ধি করেছে । কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রনালয় সূত্রে জানা গেছে যে কেন্দ্র সরকার এবং সংগঠনটির যৌথ সম্মতিতে এই চুক্তির মেয়াদ একবছরের জন্য বৃদ্ধি করা হয়েছে ।আগামী ৮ সেপ্টেম্বর থেকে তা কার্যকর হবে ।

---------------------------------------------------------------------------------------------

নাগাল্যান্ডের চুমুকেডিমায় গতরাতে ভারী বৃষ্টিপাতের ফলে ভূমিক্ষয়ে ৪ জন লোকের মৃত্যু হয় ।এদিকে এই ভারী বৃষ্টিপাতের ফলে রাজধানী কোহিমার সংগে ডিমাপুরকে সংযোগ করা ২৯ নম্বর জাতীয় সড়ক সম্পূর্নভাবে জলমগ্ন হয়ে পড়ায় জাতীয় সড়কে যাতায়াত বন্ধ হয়ে পড়েছে ।আকাশবানী কোহিমার সংবাদদাতার সংগে কথাবার্তার সময় চুমুকেডিমা জেলার আয়ুক্ত পলান জন ভূমিক্ষয়ের ফলে চার জনের মৃত্যুর বিষয়টি নিশ্চিত করা সহ আরো অধিক লোক সন্ধানহীন হয়ে রয়েছেন বলে আশংকা প্রকাশ করে অঞ্চলটিতে উদ্ধার অভিযান অব্যাহত রয়েছে বলে জানিয়েছেন ।এদিকে রাজ্য দূযোগ মোকাবিলা বাহিনী উদ্ধার অভিযান চালিয়ে যাচ্ছে বলে তিনি জানিয়েছেন ।

এদিকে নাগাল্যান্ডের মুখ্যমন্ত্রী নেইফিও রিও ধারাবাহিক বৃষ্টিপাতের ফলে জাতীয় সড়কে হোয়া ক্ষয়ক্ষতিতে উদ্বেগ প্রকাশ করেছেন ।সামাজিক মাধ্যমে এক বার্তায় মুখ্যমন্ত্রী বলেন যে রাজ্য সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ঐ অঞ্চলের পরিস্থিতির খোঁজ নেওয়া সহ ক্ষতিগ্রস্ত লোকেদের সহায়তা প্রদান করে যাচ্ছে ।

---

রাষ্ট্রপতি ,উপরাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রী প্যারিস প্যারা অলিম্পিকে পদক লাভ করার জন্য স্বাগত কুমার , মারিয়াপ্পান থাংগাওয়েলু , অজিত সিং এবং সুন্দর সিংকে অভিনন্দন জানিয়েছেন ।সামাজিক মাধ্যমে এক বার্তায় রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু প্যারিস প্যারা অলিম্পিক্সের পুরুসদের হাইজাম্পে রূপো এবং ব্রোঞ্জ পদক স্বাগত কুমার ও মারিয়াপ্পান থাংগাওয়েলুকে অভিনন্দন জ্ঞাপন করেন ।তাঁদের এই সাফল্য সবাইকে প্রেরণা যোগাবে বলে উল্লেখ করে রাষ্ট্রপতি বলেন যে তাঁদের এই পদক প্রাপ্তি প্যারা অলিম্পিক্সে সুন্দর ধারাবাহিক প্রদর্শণের উদাহরণ ।এদিকে পুরুষদের জ্যাভলিন থ্রো য়ে অজিত সিং এবং সুন্দর সিং গুরজার রূপো এ ব্রোঞ্জ পদক অর্জন করায় রাষ্ট্রপতি উভয় খেলোয়াড়কে শুভেচ্ছা জানিয়ে বলেন যে তাঁদের এই পদক বিজয় সুমিত আন্তিলের স্বর্ণ পদকের পর জ্যাভলিন থ্রোয়ে ভারতের ধারাবাহিকতাকে অক্ষুন্ন রেখেছে । উপরাষ্ট্রপতি জগদীপ ধনকড় প্যারা অলিম্পিক্সে পদক জয়ী খেলোয়াড়দের আত্মোৎসর্গ মনোভাবের প্রশংশা করেন ।দেশ তাঁদের জন্য গৌরব বোধ করছে বলেও তিনি মন্তব্য করেন ।
প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীও পদক জয়ী খেলোয়াড়দের অভিনন্দন জ্ঞাপন করেন । প্রধানমন্ত্রী তাঁদের দক্ষতা , ধৈর্য্য এবং আত্মনিবেদনের মনোভাবের ভূয়সী প্রশংশা করেন ।

---

আগামীকাল শিক্ষক দিবস উপলক্ষে রাজ্যের উচ্চশিক্ষা এবং বিদ্যালয় শিক্ষা বিভাগের উদ্যোগে ডিব্রুগড় বিশ্ববিদ্যালয়ের রংঘর প্রেক্ষগৃহে ৬৩ তম শিক্ষক দিবসের কেন্দ্রীয় অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ।অনুষ্ঠানে বাছাই করা কৃতী শিক্ষাগুরুদের রাজ্য পুরস্কার প্রদান করা সহ ন্যাকের মূল্যায়নে যোগ্যতা অর্জন করা তথা বিশ্ববিদ্যালয় অনুদান আয়োগ থেকে স্বশাসিত মর্যাদা লাভ করা কলেজের অধ্যক্ষ , প্যাটেন্ট লাভ করা কলেজগুলোর শিক্ষকদের সম্বর্ধনা জ্ঞাপন করা হবে । অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা মুখ্য অতিথি হিসেবে এবং শিক্ষা মন্ত্রী ডাঃ রণোজ পেগু সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ।

---

প্রধানমন্ত্রী উচ্চতর শিক্ষা অভিযান প্রকল্পের অধীনে রাজ্যের ৩১ টি উচ্চ শিক্ষাপ্রতিষ্ঠানকে মোট ২২৯ কোটি ৯ লক্ষ ৫৫ হাজার টাকার তহবিল প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে ।এ উপলক্ষে আগামীকাল ডিব্রুগড় বিশ্ববিদ্যালয়ে একটি অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ।অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা মুখ্য অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ।এই প্রকল্পের অধীনে বহুমুখী শিক্ষা ও গবেষণা বিশ্ববিদ্যলয়ের অধীনে ডিব্রুগড় বিশ্ববিদ্যালয়কে ১০০ কোটি টাকা প্রদান করা হবে ।এদিকে লিঙ্গ সমতা এবং অন্তর্ভুক্তি পদক্ষেপের অধীনে উচ্চ শিক্ষাপ্রতিষ্ঠান সমুহের জন্য জেলা ভিত্তিক মোট ২০ কোটি টাকা প্রদান করা হবে ।এই অনুযায়ী কাছাড় জেলার শিলচর গুরুচরণ কলেজকে ৩ কোটি টাকা ,কাছাড় কলেজকে ২৫ লক্ষ টাকা ,পশ্চিম শিলচর কলেজকে ১ কোটি ৫০ লক্ষ টাকা ,কাবুগঞ্জ জনতা কলেজকে ৪ কোটি টাকা , উধারবন্দ জগন্নাথ সিং কলেজকে ২০ লক্ষ টাকা , এম সি দাস কলেজকে ৫ লক্ষ টাকা , শিলচর কলেজ এবং মহিলা কলেজকে ৩০ লক্ষ টাকা করে এবং বরখলা সরকারী আদর্শ মহাবিদ্যালয়কে ৪০ লক্ষ টাকা প্রদান করা হবে ।

---

করিমগঞ্জ জেলা শিক্ষক দিবস উদযাপন সমিতির পক্ষ থেকে আগামীকাল সকাল ১১টায় জেলা গ্রন্থাগার প্রেক্ষাগৃহে শিক্ষক দিবস পালন করা হবে । শিক্ষক দিবসের কেন্দ্রীয় অনুষ্ঠানে রাজ্যসভার সাংসদ মিশন রঞ্জন দাস মূখ্য অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ।

---

গত কয়েকদিন থেকে বৃষ্টিপাতের ফলে বিভিন্ন অঞ্চল জলমগ্ন হোয়ায় ডিমা হাসাও জেলার অর্ন্তগত জাটিংগা থেকে হারাংগাজাও এর মধ্যে ২৭ নম্বর জাতীয় সড়কে বানিজ্যিক যান বাহন চলাচলের ক্ষেত্রে কিছু নিষেধাজ্ঞা জারি করা হয়েছে ।সেই অনুযায়ী ২৪ ফুটের ও বেশী দৈর্ঘ্যের ট্রাক ও ট্রেইলার সহ ১২ চাকার অথবা এর চেয়ে বেশী সংখ্যক চাকা নিয়ে চলাচল করা ভারী বানিজ্যিক যান বাহনের চলাচল এই সড়কে সাময়িকভাবে নিষিদ্ধ করা হয়েছে ।বরাক উপত্যকায় আসা যাওয়া করা এধরণের ভারী যানবাহন পরবর্তী আদেশ না দেওয়া পর্যন্ত মেঘালয় হয়ে ৬ নম্বর জাতীয় সড়ক দিয়ে চলাচল করার জন্য অনুরোধ জানানো হয়েছে বলে আসাম পুলিশের উদ্ধৃতি দিয়ে আকাশবানীর সংবাদদাতা জানিয়েছেন ।

---

শিলচর মেডিকেল কলেজ ও হাসপাতালের রেডিওলজি বিভাগের এম আর আই টেকনিশিয়ানের মোট ছ’টি পদের জন্য সম্পূর্ন চুক্তিভিত্তিক নিয়োগের জন্য দরখাস্থ আহ্বান করা হয়েছে ।ইচ্ছুক প্রার্থীরা আগামী ৭ই সেপ্টেম্বর সকাল ১০টা থেকে দুপুর

দুটো পর্য্যন্ত মেডিকেল কলেজের লাইব্রেরী কনফারেন্স হলে ওয়াক ইন ইন্টারভিউ-এ অংশ নিতে পারবেন । ইচ্ছুক প্রার্থীদের এম আর আই টেকনিশিয়ান হিসেবে স্বীকৃত প্রতিষ্ঠান বা বিশ্ববিদ্যালয় থেকে প্রয়োজনীয় যোগ্যতা থাকতে হবে ।

---------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থা আয়োজিত প্রাইজমানী নক আউট ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় ইনসাফ ক্লাব ৬-১ গোলে ব্রজপুর একাদশকে পরাজিত করেছে । স্থানীয় নেতাজী সুভাষ চন্দ্র বসু স্টেডিয়ামের মাঠে আয়োজিত প্রতিযোগীতার আগামীকালের খেলায় সাহাবাদ রেনবো ক্লাব মুখোমুখি হবে বোয়ালিপারের ফার্মাস ক্লাবের বিরুদ্ধে ।

---------------------------------------------------------------------------------

ধলাই মাতৃভূমি কাপ নক আউট প্রাইজমানী ফুটবল প্রতিযোগীতার আজকের দ্বিতীয় সেমি-ফাইনাল খেলায় ইসলামাবাদ ইলেভেন ব্রাদার্স ৩-০ গোলের ব্যবধানে নাজিয়া এন্টারপ্রাইজ দলকে পরাজিত করে ফাইনালে প্রবেশ করেছে । বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার ফাইনাল খেলায় আগামী ৮ই সেপ্টেম্বর জামালপুর এফ সি খেলবে ইসলামাবাদ ইলেভেন ব্রাদার্স দলের বিরুদ্ধে ।

---------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার পাঁচগ্রামে গতকাল থেকে এম এল এ কাপ প্রাইজমানি ফুটবল প্রতিযোগীতা শুরু হয়েছে । কাটিগড়ার বিধায়ক খলিল উদ্দিন মজুমদার এই প্রাইজমানি ফুটবল প্রতিযোগীতার উদ্বোধন করেছেন । এছাড়াও উদ্বোধনী অনুষ্ঠানে বড়খলার বিধায়ক মিসবাহুল ইসলাম লস্করও উপস্থিত ছিলেন । প্রতিযোগীতার উদ্বোধনী ম্যাচে আলগাপুর এফ সি ১-০ গোলে কালাইন সানরাইজ ক্লাবকে পরাজিত করে । পাঁচগ্রামের ইনটেক খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতায় মোট ৮টি দল অংশগ্রহন করেছে ।

---------------------------------------------------------------------------------